

কবিতা : গদ্যের খাতা

পবিত্র ভালোবাসার ফল দুঃখের হয়
সুখগুলো স্রোতের প্রতিকূলে হারায়
বাস্তবতার হিংস্র শিহরনে
অজান্তেই একাকী হয় যুগলবন্দী প্রেম!

ঈশ্বরই বরং জানেন
প্রেমে কতটা কেহ সুখী আবার দুঃখী!
এ পৃথিবীতে ভালোবেসে সুখী হয়
দু'একজন বটে!

হারানোর নিঃশ্বাস ঘাড়ে
বুকে বাঁধে কারো পাথরের হৃদয়
শরীরের নীল বেদনায়!
বিশ্বাসটা নেই বলেই দুঃখ হয় স্বর্গ
ভালোবাসা ফুরিয়ে হারায়
তাই প্রেমিক হয় ঘাতক!

এটাই সমাপ্তি কোন অধ্যায়ের পাতা
লেখা হয় ডায়রি খুলে কোন গদ্যের খাতায়!